ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
আঞ্চলিক কার্যালয়
অঞ্চল-৫(কারওয়ান বাজার)

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মালিকানাধীন নিম্নে উল্লেখিত পাবলিক টয়লেটসমুহ (মার্কেটের অভ্যন্তরে/বাহিরে) এর কার্যাদেশের তারিখ হইতে (এক) বৎসর মেয়াদে ইজারার নিমিত্তে বাংলাদেশ ফরম নং'' PW-1" তে সীলমোহরযুক্ত খামে ইজারার দরপত্র আহবান করা যাচ্ছে। প্রস্তাবিত দরের উপর ২০% হারে জামানত হিসাবে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে ঢাকা মহানগরীর যে কোন সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইজারার দরপত্রের সাথে জমা দিতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান সম্পত্তি কর্মকর্তা এবং প্রতিটি অঞ্চল হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে সিডিউল মূল্য ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক, গুলশান, নিউ নর্থ সার্কেল শাখা, বিবিধ চলতি হিসাব নং ৩৩০০৪১১৮ এ জমা দিতে হবে। উল্লেখ্য যে-স্থিতিকৃত মূল্যের উপর ১৫% হারে মূল্যসংযোজন কর ও ৫% হারে আয়কর পরিশোধ করতে হবে । (সংশ্লিষ্ট আইন/বিধি মোতাবেক) যে কোন বা সমুদয় ইজারার দরপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করবার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে।

ক) দরপত্র জমা দেয়ার স্থান ঃ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার দপ্তর, অঞ্চল-১,২,৩,৪,৫ ও প্রধান সম্পত্তি কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

খ) দরপত্র খোলার স্থান ঃ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার দপ্তর,অঞ্চল- ৫(কারওয়ান বাজার) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গ) দরদাতার যোগ্যতা ঃ সিডিউলে বর্ণিত।

ক্রমিক নং	পাবলিক টয়লেটের নাম	জামানত	মন্তব্য
০১	মোহাম্মদপুর টাউন হল কাচাঁ বাজার নীচতলা পাবলিক টয়লেট	ইজারার ২০%	
০২	কলমিলতা মার্কেট পাবলিক টয়লেট	ইজারার ২০%	
০৩	তেজগাঁও রেল ষ্টেশন পাবলিক টয়লেট	ইজারার ২০%	
০৪	মোহাম্মদপুর কাচাঁ বাজার (কৃষিপণ্যের বাজার)পাবলিক টয়লেট	ইজারার ২০%	

সিডিউল ক্রয়ের তারিখ দরপত্র জমা দেয়ার তারিখ ও খোলার সময় নিম্নরুপ ঃ

দরপত্র আহবানের পর্যায়ে	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র বাক্স ও খাম খোলার তারিখ ও সময়(দরদাতা বা প্রতিনিধির উপস্থিতিতে যদি থাকে।	মন্তব্য
১ম পর্যায়ে	১০-০৭-২০১৭খ্রিঃ সোমবার	১১-০৭-২০১৭খ্রিঃ মঙ্গলবার সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.৩০ মিঃ	১১-০৭-২০১৭ খ্রিঃ মঙ্গলবার দুপুর ২.৩০ মিঃ	
২য় পর্যায়ে	৩০-০৭-২০১৭খ্রিঃ রবিবার	৩১-০৭-২০১৭ খ্রিঃ সোমবার সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.৩০ মিঃ	৩১-০৭-২০১৭ খ্রিঃ সোমবার দুপুর ২.৩০ মিঃ	
৩য় পর্যায়ে	২০-০৮-২০১৭খ্রিঃ রবিবার	২১-০৮-২০১৭ খ্রিঃ সোমবার সকাল ৯.০০ টা থেকে দুপুর ১২.৩০ মিঃ	২১-০৮-২০১৭ খ্রিঃ সোমবার দুপুর ২.৩০ মিঃ	
গৃহিত দরপত্রের ক্ষেত্রে আর্থিক জমা দেয়া ও কার্যাদেশ গ্রহণ।		ঃ	দরপত্র গৃহীত হওয়ার ৩(তিন) দিনের মধ্যে (১) দরমূল্যঃ জামানত ব্যতীত অবশিষ্ট অর্থ। (২) ১৫% (শতকরা পনের ভাগ)মূল্য সংযোজন কর। (৩) ৫%(শতকরা পাচঁ ভাগ) আয়কর। (৪) ইজারামূল্যের উপর ৫% হারে জামানতসহ মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর অনুকূলে ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমাদান পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে ।	

সন্তোষজনক দর না পাওয়ার ক্ষেত্রে পুনঃদরপত্র আহবান	ঃ	দরপত্র গ্রহণের তারিখে দরপত্র পাওয়া না গেলে অথবা প্রাপ্ত দর গৃহীত না হলে সর্বোচ্চ দরদাতার জামানত রেখে পরবর্তী তারিখগুলোতে পুনরায় পর্যায়ক্রমে দরপত্র বিক্রয় ও গ্রহণ করা হবে। বিষয়টি সংশ্লিষ্ট অফিসে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। এ বিষয়ে সংবাদপত্রে আর কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। এক্ষেত্রে সর্বোচ্চ দরদাতা যদি পরবর্তী পর্যায়ে অধিক দরে দরপত্র দাখিল করতে ইচ্ছুক হলে তাকে শুধুমাত্র পূর্বের দরের চেয়ে অতিরিক্ত দরের ২০% জামানত দিতে হবে এবং তিনি বিনামূল্যে দরপত্র সিডিউল নিতে পারবেন। তবে পুনঃ দরপত্রে সন্তোষজনক দর না পাওয়া গেলে পূর্ববর্তী সর্বোচ্চ প্রদত্ত দর বিবেচনা করা যেতে পারে।

(এস, এম, অজিয়র রহমান)
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
অঞ্চল-৫ (কারওয়ান বাজার)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ-০৯ জুন ২০১৭খ্রিঃ

স্মারক নং-৪৬.১০.০০০০.১১৫.০৬.৩৯৬১৭

অনুলিপিঃ- কার্যাথে ও জ্ঞার্তার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। প্রধান প্রকৌশলী , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।(যথা নিয়মে দরপত্র গ্রহণ পূর্বক দরপত্র খোলার তারিখ ২.০০টার মধ্যে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ,অঞ্চল-৫ এর দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল ।
৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১,২,৩,৪ (যথা নিয়মে দরপত্র গ্রহণ পূর্বক দরপত্র খোলার তারিখ ২.০০ টার মধ্যে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ,অঞ্চল-৫ এর দপ্তরে দরপত্রসমূহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। সিস্টেম এনালিষ্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুযোর্গ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০। মাননীয় মেয়র মহোদয়ের একান্ত সচিব, (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত কমপক্ষে ২(দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল) ।
১২। সহকারী সচিব, (সাধারণ প্রশাসন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।(নোটিশ বোর্ডে টানানোর জন্য)
১৩। সহকারী সমাজ কল্যাণ কর্মকর্তা, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ।
১৪। সকল সদস্য অঞ্চল-৫(কারওয়ান বাজার) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,আঞ্চলিক টয়লেট কমিটির (দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য)।
১৫। অফিস কপি।